

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
২৯৯, পশ্চিম জুরাইন, শ্যামপুর, ঢাকা।
www.food.dhakadiv.gov.bd

চলাচল সূচী নং-
চাল-২৭/২১-২২

নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫০.০০৪.২১.৮৫৮

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৯

১০ মে ২০২২

প্রাপক:

জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ/রাজবাড়ী

বিষয়: গোয়ালন্দ এলএসডি হতে নারায়ণগঞ্জ সিএসডিতে ১২০ মে.টন আমদানীকৃত সিদ্ধ চালের চলাচল সূচি।

সূত্র: খাদ্য অধিদপ্তরের চলাচল, সংরক্ষণ ও সাইলোগের ০৯/০৫/২০২২ তারিখের ৪৪০নং স্মারক।

সূত্রস্থ স্মারকের পূর্বানুমোদনের প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিএসডিতে ওএমএসসহ বিভিন্ন খাতে বিতরণের জন্য রাজবাড়ী জেলার আমদানীকৃত সিদ্ধ চালের মজুদ বিবেচনায় জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ীর সহিত আলোচনাক্রমে গোয়ালন্দ এলএসডি হতে নারায়ণগঞ্জ সিএসডিতে ১২০ মে.টন আমদানীকৃত সিদ্ধ চালের চলাচল সূচি জারী করা হলো এবং কেন্দ্রভিত্তিক বরাদ্দ ও ঠিকাদারের বিভাজন নিম্নে প্রদান করা হলো

কেন্দ্রভিত্তিক বরাদ্দ:

প্রেরন কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পরিমাণ	ডিআরটিসি
গোয়ালন্দ এলএসডি, রাজবাড়ী	নারায়নগঞ্জ সিএসডি, নারায়নগঞ্জ	১২০	১২০
	মোট =	১২০	১২০

ঠিকাদারভিত্তিক বিভাজন:

ক্রঃ নং	ঠিকাদারের নাম	পর্যায় সূচি (এফ- সি)	পণ্য	প্রেরক কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টনে)
১	২	৩	৪	৫	৬	৭
১	মেসার্স নিপুন এন্টারপ্রাইজ	২৭	আমদানীকৃত সিদ্ধ	গোয়ালন্দ এলএসডি, রাজবাড়ী	নারায়নগঞ্জ সিএসডি, নারায়নগঞ্জ	৬০
২	মেসার্স কাজল এন্ড সন্স	২৮		ঐ	ঐ	৬০
					মোট =	১২০

পরিবহন ক্ষেত্রে পালণীয় নির্দেশনাবলী:

১। সূচীর বিপরীতে উপরোক্ত সারণীর ৪নং কলামের উল্লেখিত চাল ওয়ারেন্ট অনুসরণপূর্বক প্রেরণ করতে হবে এবং ব্যাক মুভমেন্ট পরিহার করে চাল প্রেরণ করতে হবে। এছাড়া খাদ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী গতিত কমিটির উপস্থিতিতে

চলাচল সূচীর চাল প্রেরণ/গ্রহণ করতে হবে।

২। জারীকৃত চলাচল সূচীর খাদ্যশস্য ঠিকাদার/প্রতিনিধিগণের উপস্থিতিতে পণ্য বোঝাই ট্রাক (ট্রাকে খাদ্যশস্য বোঝাই দেয়ার পর ত্রিপাল দিয়ে ঢেকে ভালভাবে বেঁধে সীলগালা করতে হবে) এবং নমুনা যৌথ স্বাক্ষরে সীলগালাপূর্বক প্রেরণ নিশ্চিত করতে হবে।

৩। ইনভয়েসে “পণ্য/প্রকার” বক্সে চালের প্রকার সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট মানযাচাই কমিটি কর্তৃক চালের ভৌতবিশ্লেষণ প্রতিবেদন প্রেরিত চালের সাথে প্রেরণ করতে হবে;

৪। প্রেরককে প্রেরণকালে প্রতিটি বস্তায় বোজা মেরে বিনির্দেশ মোতাবেক এবং প্রতিটি বস্তায় মিলারের টেনসিল ও গুদামের টেনসিল নিশ্চিত হয়ে চাল ট্রাকে বোঝাই ও প্রেরণ করতে হবে। এর ব্যত্যয় হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট সকলকে বহন করতে হবে।

৫। প্রাপককে প্রতিটি বস্তায় বোজা মেরে চালের বিনির্দেশ মোতাবেক এবং প্রতিটি বস্তায় মিলারের টেনসিল ও গুদামের টেনসিল নিশ্চিত হয়ে চাল ট্রাক হতে খালাস ও গ্রহণ করতে হবে। এর কোন ব্যত্যয় ঘটলে সাথে সাথে অত্র দপ্তরসহ সংশ্লিষ্ট প্রেরক কেন্দ্র ও প্রাপক কেন্দ্রের জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে অবহিত করতে হবে।

৬। প্রেরককে প্রেরণকালে প্রেরিত চালের দুইটি নমুনা সংগ্রহ করে সীলকৃত অবস্থায় একটি প্রেরণ কেন্দ্রে সংরক্ষণ করতে হবে এবং অপরটি পরিবাহকের মাধ্যমে সীলকৃত অবস্থায় প্রাপক কেন্দ্রে প্রেরণ করতে হবে;

৭। প্রেরক ঠিকাদার/ঠিকাদার প্রতিনিধির বৈধ পরিচয়পত্র যাচাই করে ডেসপাস দিবেন। পরিবহনকারী ঠিকাদার/প্রতিনিধি বিনির্দেশ মোতাবেক চাল গ্রহণ ও পরিবহন করে প্রাপক কেন্দ্রে বুঝিয়ে দিবেন;

৮। প্রেরিত চাল বিনির্দেশ সম্মত আছে কিনা তা দেখে বোঝাই দিতে হবে এবং চালের গুণগত মান ভি-ইনভয়েসে উল্লেখ করতে হবে;

৯। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা প্রেরণ, প্রাপ্তি ও ভি-ইনভয়েস মনিটরিং করবেন।

১০। প্রাপক কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা প্রাপ্তি, ভি-ইনভয়েস এবং বিলি-বিতরণ মনিটরিং করবেন।

১১। এছাড়া ০৯/০৫/২০১৯ তারিখের ৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেসিলের স্পষ্ট ছাপ দেয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

১২। খাদ্য অধিদপ্তরের চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ০৮/০৬/২০ তারিখের ৫২৬নং স্মারক জারীকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে প্রেরক কেন্দ্র এবং প্রাপক কেন্দ্র তাদের নির্ধারিত ইনভয়েস যথানিয়মে এন্ট্রি সম্পন্ন করবেন।

১৩। এই সূচীর মেয়াদ আগামী ১৬/০৫/২০২২ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

...



১০-৫-২০২২

তপন কুমার দাস

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

ফোন: ৪৭৪৪২৩৪৯

ইমেইল:

rcf.dhk@dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০০০.৫০.০০৪.২১.৮৫৮/১(৭)

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৯

১০ মে ২০২২

সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, , খাদ্য ও দু্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সহকারী উপ-পরিচালক, , অত্র দপ্তর।
- ৪) ব্যবস্থাপক/এসএন্ডএমও, সিএসডি/এলএসডি, ,ঢাকা বিভাগ।
- ৫) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ,এলএসডি,জেলা।
- ৬) মেসার্স , ডিআরটিসি, ঢাকা।
- ৭) হিসাব শাখা/নোটিশ বোর্ড, , অত্র দপ্তর।



১০-৫-২০২২

তপন কুমার দাস
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক